

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০০০.০০৮.৪০.৪৭৭.১৮(পার্ট-৬)/৮৭৯

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ  
১০ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার, আসবাবপত্র সরবরাহ ইত্যাদি পূর্ত/সরবরাহ কাজ বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ ও সর্বশেষ সংশোধন ২০২৫ মোতাবেক অনধিক ৩ (তিন) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য অনলাইনে ঠিকাদার তালিকাভুক্ত করা হবে।

১	মন্ত্রণালয়/ বিভাগ	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয়
২	সংস্থা	:	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৩	আবেদন ফরমের মূল্য	:	১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)
৪	অনলাইনে আবেদন পত্রের জন্য লগ-ইন এড্রেস	:	www.eedmoe.gov.bd
৫	আবেদন শুরুর তারিখ	:	১৫/০৭/২০২৫ খ্রি.
৬	আবেদন পত্র দাখিলের সর্বশেষ তারিখ	:	৩১/০৮/২০২৫খ্রি.

**অনলাইনে ঠিকাদারি লাইসেন্স নতুন তালিকাভুক্তির পদ্ধতি ও শর্তাবলি:**

১। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট (<https://eedmoe.gov.bd/>) রাইট মেনুতে অবস্থিত “ঠিকাদার তালিকাভুক্তি” নামে লিংকে রেজিস্ট্রেশন ও লগইন করে অনলাইন তালিকাভুক্তির আবেদন ফরম ক্রয়, পূরণ, প্রয়োজনীয় দলিলাদি আপলোড ও দাখিল করতে হবে।

২। তালিকাভুক্তি আবেদন ফি ১০০০.০০ (এক হাজার) টাকা কোড নং- ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০-১৪২২১৯৯ (অন্যান্য লাইসেন্স ফি) ‘এ চালান’ এর মাধ্যমে জমা দিয়ে সংশ্লিষ্ট তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

৩। নতুন তালিকাভুক্তির জন্য অনলাইনে আবেদন নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য পূরণ ও দলিলাদি আপলোড করতে হবে।


৪। তালিকাভুক্তির জন্য নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানকে পিপিআর-এর বিধান মোতাবেক প্রতি ক্যাটাগরির জন্য অফেরতযোগ্য ৫,০০০/- টাকা তালিকাভুক্তি ফি কোড নং: ১২৫০৩০১ ১০৯৯৭২-১১০০০০০০০-১১০০১০০০ -১৪২২২০২ (ফার্ম ও কোম্পানি নিবন্ধন ফি) এবং ভ্যাট ১৫% = ৭৫০/- তালিকাভুক্তি ভ্যাটের কোড নং: ১১৪১১০১ (দেশজ পণ্য ও সেবার ওপর মুসক) টাকাসহ সর্বমোট ৫৭৫০/- টাকা “এ চালান” এর মাধ্যমে জমা দিয়ে তালিকাভুক্তি নিশ্চিত করতে হবে।

৫। আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি আবেদনের সাথে আপলোড করতে হবে:

- হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের ছায়ািলিপি;
- হালনাগাদ নবায়নকৃত ই-টিআইএন (আয়কর সনদ) এর ছায়ািলিপি;
- ভ্যাট রেজিস্ট্রেশনের ছায়ািলিপি;
- জাতীয় পরিচয়পত্রের ছায়ািলিপি;
- এ-১ শ্রেণির ক্ষেত্রে গত ১০ বছরে সম্পাদিত কাজের মূল্যসহ কার্য-সমাপ্তির সনদ (বছরের ক্রমানুসারে দিতে হবে);
- ব্যাংক লেনদেনের বিবরণীর (বিগত ১ বছরে কমপক্ষে ১ দিনের ২০.০০ লক্ষ টাকার স্থিতিসহ) ছায়ািলিপি (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোনো তফসিলি ব্যাংক হতে);
- প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি - ০২ কপি;
- তালিকাভুক্তি বইয়ের ছায়ািলিপি (পূর্বে যদি থাকে);
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা ক্রয়কারীর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে কোনো আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোনো কর্মচারীর উপর বিধি-নিষেধ আরোপ করা হয়নি-এ মর্মে আইনগত সক্ষমতার সমর্থনে হলফনামা (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারি পাবলিক কর্তৃক);
- বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে এবিসি লাইসেন্সের ছায়ািলিপি। যদি কারো এবিসি লাইসেন্স না থাকে সেক্ষেত্রে এবিসি লাইসেন্স রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ মর্মে চুক্তিপত্র (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) গ্রহণ করতে হবে যে, সংশ্লিষ্ট কাজে বিবরণ বা স্পেসিফিকেশনের কোনো রূপ মানের ত্রুটির জন্য একক বা যৌথভাবে দায়ী থাকবেন;
- ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) ঘোষণাপত্র;
- প্রতিষ্ঠানে নিযুক্ত কারিগরি এবং প্রশাসনিক জনবলের তালিকা;
- যন্ত্রপাতির তালিকা;

৬। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি আইন/বিধি মোতাবেক যাচাই-বাচাই করা হবে।

৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ অসম্পূর্ণ আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মো: শহীদুল হক চৌধুরী)  
উপপরিচালক (প্রশাসন)  
২০/৭/২০২৫